



খালেদা জিয়ার এডোক্সোপি সম্পন্ন, নিয়ন্ত্রণে পাকস্থলির রক্তক্ষরণ



সংগৃহীত ছবি

ঢাকার এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার এডোক্সোপি সফলভাবে সম্পন্ন হয়েছে। চিকিৎসকরা জানিয়েছেন, এ প্রক্রিয়ার মাধ্যমে তার পাকস্থলির অভ্যন্তরীণ রক্তক্ষরণ নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়েছে।

শুক্রবার (৫ ডিসেম্বর) বিকেলে গঠিত বিশেষজ্ঞ মেডিকেল বোর্ড এডোক্সোপি সম্পন্ন করে। ২৩ নভেম্বর থেকে হাসপাতালে ভর্তি থাকা খালেদা জিয়ার শারীরিক অবস্থার অবনতি নিয়ে বিএনপির পক্ষ থেকেও উদ্বেগ প্রকাশ করা হচ্ছিল।

তার চিকিৎসা সহায়তায় যুক্তরাজ্য ও চীন থেকে বিশেষজ্ঞ চিকিৎসকরা ঢাকায় এসে পরামর্শ দিচ্ছেন। তাদের সুপারিশের পর উন্নত চিকিৎসার জন্য তাকে বিদেশে নেওয়ার বিষয়ে সম্মত হয়েছে মেডিকেল বোর্ড।

এ উদ্দেশ্যে কাতারের আমিরের পক্ষ থেকে একটি বিশেষ এয়ার অ্যান্ডুলেন্স পাঠানোর কথা থাকলেও রক্ষণাবেক্ষণজনিত কারণে সেটি পাঠানো সম্ভব হয়নি। বিকল্প হিসেবে জার্মানির একটি প্রতিষ্ঠানের এয়ার অ্যান্ডুলেন্স বাংলাদেশে পাঠানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। জানা গেছে, বিমানটি জর্জিয়ার তিবলিসি থেকে ঢাকার উদ্দেশ্যে রওনা দেবে।

এর আগে, চলতি বছরের জানুয়ারিতে চিকিৎসার জন্য লন্ডনে যাওয়ার সময়ও কাতারের আমিরের পাঠানো বিশেষ এয়ার অ্যান্ডুলেন্স ব্যবহার করেছিলেন খালেদা জিয়া।